



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৭ম তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)

ফোন:  
৮১৮০১৪৪  
ফ্যাক্স:  
৮১৮৯০২৯

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৩৯৯.১৩-২০৭২


তারিখঃ ৩১/৮/২০১৪ খ্রি:।

বিষয়ঃ ভোলা জেলার বোরহানউদ্দিন, চরফ্যাশন এবং মনপুরা উপজেলায় প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নে অনিয়মের বিষয়ে তদন্ত।

বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন মাননীয় প্রধানমন্ত্রীর অধাধিকারমূলক প্রকল্প হিসেবে “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” (সংশোধিত) প্রকল্পটি বরিশাল ও খুলনা বিভাগের ১৫টি জেলার ৫৯টি উপজেলায় বাস্তবায়িত হচ্ছে। প্রকল্প এলাকায় নতুন সমিতি গঠন, সদস্য ভর্তি, সঞ্চয় আদায়, সমিতির সুফলভোগীদের বিভিন্ন ট্রেডভিত্তিক প্রশিক্ষণ প্রদানসহ প্রশিক্ষণোত্তর ঋণ সহায়তা প্রদান এবং যথারীতি আদায় প্রকল্পের অন্যতম কর্মকান্ড। এ সকল কর্মকান্ড পরিচালনা এবং প্রকল্পের হিসাব সংক্রান্ত যাবতীয় খাতাপত্রসমূহ হালনাগাদ লিখা ও যথাযথভাবে সংরক্ষণ হয়ে থাকে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার তত্ত্বাবধানে; কিন্তু প্রকল্পের আওতাধীন ভোলা জেলার বোরহানউদ্দিন উপজেলায় প্রকল্পের ক্যাশ বহিসহ যাবতীয় খতিয়ান হালনাগাদ, সুবিধাভোগীদের প্রশিক্ষণ ভাতা, ঋণ বিতরণ এবং মাসিক প্রতিবেদন কার্যক্রম যথাযথভাবে সম্পাদন/সংরক্ষণ করা হচ্ছে না যা আর্থিক বিধি-বিধানের পরিপন্থী। তাছাড়া প্রশিক্ষণ বাবদ সুফলভোগী সদস্যদের ভাতা প্রদান ও ঋণ বিতরণে অনিয়মের অভিযোগ রয়েছে। এ সমস্ত অনিয়মের তদন্ত কাজ সম্পাদনের জন্য ইতোপূর্বে স্মারক নং-১৭৮১, তারিখঃ ১০/৭/২০১৪ মূলে পত্র প্রেরণ করা হয়। পাশাপাশি একই জেলার চরফ্যাশন উপজেলার অনিয়মের বিষয়ে উপপরিচালক (মার্কেটিং) কে আহবায়ক করে আরও ১টি তদন্ত কমিটি গঠনপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য স্মারক নং-১৩৫২, তারিখঃ ২১/১/২০১৪ মূলে পত্র প্রেরণ করা হয় (কপি সংযুক্ত)। কিন্তু বর্ণিত ২টি উপজেলাই ভোলা জেলার আওতাভুক্ত হওয়ার সরকারি অর্থ সাশ্রয়ের বিষয়টি বিবেচনায় রেখে বোরহানউদ্দিন উপজেলার জন্য গঠিত কমিটির মাধ্যমে একই সাথে বোরহানউদ্দিন ও চরফ্যাশন উপজেলার তদন্ত কাজ সম্পাদনের সিদ্ধান্ত নেয়া হয়।

এমতাবস্থায়, সময় এবং সরকারী অর্থ সাশ্রয়ের বিষয়টি বিবেচনা করে ভোলা জেলার চরফ্যাশন উপজেলার জন্য গঠিত তদন্ত কমিটির সদস্যদের অব্যাহতি প্রদান করে বোরহানউদ্দিন উপজেলার জন্য গঠিত কমিটির মাধ্যমে একই সাথে চরফ্যাশন ও বোরহানউদ্দিন উপজেলায় সংগঠিত অনিয়মের তদন্ত কাজ সম্পাদনপূর্বক তদন্ত প্রতিবেদন মহাপরিচালক মহোদয় বরাবর দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। একই সাথে উক্ত কমিটি মনপুরা উপজেলা পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করবেন।

সংযুক্তি বর্ণনামতে।

  
প্রকৌশলী মোঃ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক (IRESPPW)  
বিআরডিবি, ঢাকা।  
ফোন নং-০২-৮১৮০১৪৪

১। জনাব মোঃ রফিকুল ইসলাম  
উপপরিচালক, বিশেষ প্রকল্প,  
বিআরডিবি, ঢাকা।

২। জনাব বি এম কামরুজ্জামান,  
সহকারী পরিচালক, ইরেসপো,  
বিআরডিবি, ঢাকা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :-

১. জনাব এটিএম সাহেবুল ইসলাম, উপপরিচালক (মার্কেটিং), বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি, ভোলা জেলা দপ্তর।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বোরহানউদ্দিন/মনপুরা/চরফ্যাশন উপজেলা, ভোলা।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৫. পরিচালক (সরেজমিন), মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস নথি।